Charter Revision Commission

এই ডকুমেন্টে 2024 চার্টার রিভিশন কমিশনের (কমিশন) প্রাথমিক কর্মীদের সুপারিশের সারসংক্ষেপ রয়েছে। পুরো চার্টার অব দ্য সিটি অব নিউ ইয়র্ক সিটির পর্যালোচনা, কমিশনারদের সাথে আলোচনা, জনসাধারণের প্রতিক্রিয়া, বিশেষজ্ঞদের মতামত, গবেষণা এবং তদন্তের পর এই প্রতিবেদনে কমিশনারদের বিবেচনা এবং জনসাধারণের পর্যালোচনার জন্য কর্মীগণ কিছু ধারণা এবং প্রস্তাবনা সুপারিশ করছে।

এই সুপারিশগুলির উদ্দেশ্যে হলো কমিশনারদেরকে তাদের কাজ সম্পর্কে অবহিত করা। এগুলি কমিশনের চূড়ান্ত সুপারিশ নয় বা কোনোভাবেই কমিশনারদের উপর বাধ্যতামূলক নয়।

## পটভূমি

চার্টার অব দ্য সিটি অব নিউ ইয়র্ক স্থানীয় সংবিধান হিসেবে কাজ করে এবং নিউ ইয়র্ক সিটির সরকারের কাঠামো, ক্ষমতা এবং দায়িত্ব নির্ধারণ করে। চার্টারটি সিটির রাজনৈতিক সিস্টেমেরর প্রতিষ্ঠান ও প্রক্রিয়া নির্ধারণ করে এবং মেয়র, সিটি কাউন্সিল, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট এবং পাবলিক অ্যাডভোকেটসহ সিটির সংস্থা ও নির্বাচিত কর্মকর্তাদের ক্ষমতা এবং দায়িত্বগুলি সাধারণভাবে সংজ্ঞায়িত করে।

21 মে, 2024 তারিখে, মেয়র Eric Adams 2024 চার্টার সংস্কার কমিশন গঠন করেন এবং Carlo Scissura-কে চেয়ারম্যান এবং কমিউনিটির অন্যান্য 12 জন নেতাকে কমিশনের সদস্য হিসেবে নিয়োগ করেন। মেয়র কমিশনকে সম্পূর্ণ চার্টার পর্যালোচনা করার আদেশ দিয়েছেন যাতে এটি সুক্ষমভাবে কাজ করে এবং সমস্ত নিউ

ইয়র্কবাসীর জন্য গ্রহণযোগ্য হয়। মেয়র এছাড়াও কমিশনকে বিশেষভাবে অনুসন্ধান করার জন্য বলেছেন যে জননিরাপত্তা এবং আর্থিক দায়িত্ব নিশ্চিতের জন্য চার্টারটি সংশোধন করা যেতে পারে কি না।

## পাবলিক প্রচারণা ও পাবলিক অংশগ্রহণ

নিউ ইয়র্ক সিটির বিভিন্ন কমিউনিটি এবং স্টেকহোল্ডাদের কাছ থেকে ধারাবাহিকভাবে ধারণা পেতে কমিশনটি তার প্রতিষ্ঠাকাল থেকেই জনসাধারণ ভিত্তিক একটি শক্তিশালী প্রচার প্রচারণা চালিয়েছে। এখন পর্যন্ত, এই প্রচেষ্টাগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- কমিশনের সকল শুনানি এবং মিটিং এর লাইভ ওয়েবকাস্ট;
- শুনানির বিজ্ঞপ্তি, প্রেস রিলিজ, ট্রান্সক্রিপ্ট, রেজ্যুলেশন, সংরক্ষিত ভিডিও এবং অন্যান্য উপাত্ত কমিশনের ওয়েবসাইট: www.nyc.gov/charter এ প্রকাশ করা হবে;
- কমিশনের সাথে জনসাধারণের ব্যক্তিগতভাবে কথা বলার জন্য একাধিক সুযোগ প্রদানের লক্ষ্যে দিনে এবং সন্ধ্যা উভয় সময়ে প্রতিটি বরোতে অ্যাক্সেসযোগ্য স্থানে গণশুনানির আয়োজন করা;
- সমস্ত গণশুনানির সময়ে ভার্চুয়াল পাবলিক প্রতিবেদনের সুযোগ দেওয়া হবে, যাতে নিউ ইয়র্কবাসীগণ তাদের সুবিধামতো সময়ে তাদের মতামত প্রকাশ করতে পারে;
- সমস্ত শুনানি এবং জনসভায় অনুবাদ পরিষেবা;
- গণশুনানির বিষয়ে সচেতনতা বাড়াতে, চেয়ারম্যানের সাথে টেলিভিশন ইন্টারভিউ, কমিউনিটি সংবাদপত্রের অপ-এড এবং জাতিগত ও কমিউনিটি ভিত্তিক গোলটেবিল আলোচনা;

- কমিশনের শুনানির প্রচারণার জন্য নির্বাচিত কর্মকর্তা এবং কমিউনিটির সংস্থাগুলির সাথে কাজ করা; এবং
- 12 জুলাই পর্যন্ত charterinfo@citycharter.nyc.gov ওয়েবসাইটে লিখিত সাক্ষ্য গ্রহণ।

## আসন্ন বরো শুনানি

এই প্রতিবেদন প্রকাশের পর, কমিশন জনসাধারণের মতামত নেওয়ার জন্য আরো প্রচেষ্টা চালাবে। আসন্ন গণশুনানির সময়সূচি nyc.gov/charter ঠিকানায় পাওয়া যাবে। বর্তমানে নির্ধারিত গণশুনানির মধ্যে রয়েছে:

| | |
|---|---|
| **সোমবার, 24 জুন, 2024, বিকাল 5:00 টা – রাত 8:00টা**<br><br>Curtis High School<br>105 Hamilton Avenue<br>Staten Island, NY 10301 | **বুধবার, 26 জুন, 2024, বিকেল 5:00টা – রাত 8:00টা**<br><br>NYC Department of Design and Construction<br>30-30 Thomson Ave<br>Queens, NY 11101 |
| **বৃহস্পতিবার, 27 জুন, 2024, বিকেল 5:00টা – রাত 8:00টা**<br><br>Medgar Evers College<br>1650 Bedford Avenue<br>Brooklyn, NY 11225 | **সোমবার, 8 জুলাই, 2024, বিকেল 5:00টা – রাত 8:00টা**<br><br>Schomburg Center for Research in Black Culture<br>515 Malcolm X Boulevard (135 th Street এ)<br>New York, NY 10037 |
| **মঙ্গলবার, 9 জুলাই, 2024, বিকেল 5:00টা – রাত 8:00টা**<br><br>Staten Island University Hospital North<br>475 Seaview Avenue<br>Staten Island, NY 10305 | **বৃহস্পতিবার, 11 জুলাই, 2024, বিকেল 5:00টা – রাত 8:00টা**<br><br>Fordham University<br>441 East Fordham Road<br>Bronx, NY 10458 |

## আর্থিক দায়বদ্ধতা

চার্টারে প্রতি বছর মেয়রের প্রস্তাব এবং সিটি কাউন্সিলের একটি স্বয়ংসম্পূর্ণ বাজেট দরকার।[1] বাজেটটি, যা কাউন্সিল এবং মেয়র উভয়ের যৌথ বাজেটের অগ্রাধিকারগুলিকে অন্তর্ভুক্ত করে, দুইটি প্রাথমিক উদ্দেশ্য পূরণ করে। প্রথমত, এটি অর্থবছরে সিটির ব্যয় এবং রাজস্বের একটি ব্যাপক এবং অনুমানযোগ্য কাঠামো প্রদান করে। দ্বিতীয়ত, এটি সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনাকে উৎসাহিত করে।

যদিও সিটির বাজেট পর্যালোচনা এবং অনুমোদন করা যুক্তিযুক্তভাবে প্রতি বছর কাউন্সিল কর্তৃক গৃহীত সবচেয়ে গুরুত্বপূর্ণ আইনি পদক্ষেপ তবে এর আইন প্রণয়ন ক্ষমতা বার্ষিক বাজেট প্রক্রিয়ার বাইরেও রয়েছে। বিভিন্ন ক্ষেত্রে প্রস্তাবিত আইন পাস করার জন্য কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ ভোটের ক্ষমতা রয়েছে এবং এটি প্রায়ই এই ক্ষমতাটি আইন প্রণয়নের মাধ্যমে ব্যবহার করে যা মিউনিসিপ্যালের কার্যক্রমকে প্রভাবিত করে, যার মধ্যে সিটি ভিত্তিক পরিষেবা এবং সুবিধাগুলি অন্তর্ভুক্ত রয়েছে।

সিটি কাউন্সিলের আইন প্রায়ই সিটির বাজেটকে প্রভাবিত করে। এই বাস্তবতার পরিপ্রেক্ষিতে, চার্টারটি নির্দেশ করে যে যদি না তার সাথে কোনো ফিসক্যাল ইম্প্যাক্ট স্টেটমেন্ট থাকে তাহলে কোনো স্থানীয় আইন কাউন্সিল বা কাউন্সিলের কমিটি কর্তৃক ভোটের মাধ্যমে গৃহীত হতে পারে না।[2] এই বিবৃতিগুলি কাউন্সিলের নিয়ম অনুসারে সিটি কাউন্সিলের ফিন্যান্স ডিভিশন কর্তৃক প্রণীত, সিটি কাউন্সিলের রাজস্ব

[1] চার্টারের সময়সূচি একটি প্রত্যাশা প্রতিফলিত করে যে বাজেট পরবর্তী অর্থবছরের শুরুতে বা 1 জুলাইয়ের মধ্যে গৃহীত হবে। N.Y.C. চার্টার §§ 225, 226।

[2] *Id.* §33. এ

এবং ব্যয়ের উপর একটি আইনের আনুমানিক ফিসক্যাল ইমপ্যাক্টের বিস্তারিত বর্ণনা।[3]

কাউন্সিল সাধারণত তখনই ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট প্রকাশ করে যখন প্রস্তাবিত আইনটি বাস্তবায়নের পথে থাকে।[4] এর মানে হলো যে ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্টের অনুপস্থিতিতে একটি আইনকে ঘিরে অনেক পাবলিক বিতর্ক – প্রস্তাবিত বিলের উপর কাউন্সিলের গণশুনানি সহ – সৃষ্টি হয়। তাছাড়া, এই বিবৃতি প্রকৃত খরচ অবমূল্যায়ন করতে পারে।

এভাবে, বার্ষিক বাজেট পুরো অর্থবছর জুড়ে সিটির কার্যক্রমে তহবিল সরবরাহের উদ্দেশ্যে করা হলেও, বাজেট প্রক্রিয়ার বাইরে পাস হওয়া আইনগুলি তবুও ট্যাক্স-এর রাজস্ব এবং সরকারি ব্যয়ের ব্যবহারকে প্রভাবিত করে। ফিসক্যাল ইমপ্যাক্টযুক্ত আইন পাস করা হলে এটি অর্থবছর শুরুর সময় হিসাব করা হয়নি এমন খাতের নতুন দায়বদ্ধতাগুলোর জন্য অর্থায়ন নির্ধারণের দায়িত্ব এজেন্সি এবং অফিস অব ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেটের উপর বর্তায়।

[3] N.Y.C. কাউন্সিলের নিয়মনীতি 6.50 (কাউন্সিলের অর্থ বিভাগের পর্যালোচনার জন্য প্রদান করা)

[4] একটি আইন প্রণয়নের জন্য পাস হওয়ার আগের সপ্তাহে (এর আগে নয়) একটি ফিসক্যাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট প্রস্তুত করাটা সাধারণ বিষয়। এটি মূলত এই কারণে যে, সাধারণত পরিপূর্ণ কাউন্সিলের সভার এক সপ্তাহ আগে আইনটির সর্বশেষ পাঠ চূড়ান্ত করা হয়, যেখানে পরিপূর্ণ কাউন্সিল আইনটি পাস করতে মনস্থ করা হয় — আংশিকভাবে এই কারণে যে একটি বিলের চূড়ান্ত রূপটি পূর্ণ কাউন্সিলের ভোটের অন্তত 7 দিন (রবিবার বাদে) আগে প্রস্তুত থাকতে হয়। ফলে, প্রাসঙ্গিক ব্যয়গুলি সাধারণত ক্যালেন্ডার সপ্তাহে যে সময়ে সিটি কাউন্সিলের নির্ধারিত সভা অনুষ্ঠিত হয় সে সময় উপস্থাপন করা হয়, যাতে কাউন্সিল প্রস্তাবিত আইনটির উপর ভোট দিতে পারে। N.Y.C. চার্টার § 36।

## ক্যাপিটাল প্ল্যান

ক্যাপিটাল প্ল্যান নিউ ইয়র্ক সিটিকে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ অবকাঠামোতে বিনিয়োগ বাস্তবায়ন করতে সক্ষম করে।

কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার নিউ ইয়র্ক সিটির আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন উদ্যোগের সুপারিশ তৈরি করে সাক্ষ্য জমা দিয়েছেন।[5] প্রস্তাবটি সিটির অবকাঠামোগত মূল্যায়ন, ক্যাপিটাল প্ল্যানিং এবং বাজেটের পদ্ধতি আধুনিকীকরণের সাথে সম্পর্কিত।[6] কম্পট্রোলার অবকাঠামোগত মূল্যায়ন এবং দশ-বছরের ক্যাপিটাল স্ট্র্যাটেজির মধ্যে যোগসূত্রটি স্পষ্টভাবে উল্লেখ করার এবং দশ-বছরের ক্যাপিটাল স্ট্র্যাটেজিতে বিবেচনা করা উচিত এমন কিছু নির্দিষ্ট বিবেচনা শনাক্ত করার সুপারিশ করে।[7]

মেয়র অ্যাডামসের প্রশাসনের শুরু থেকেই তার জন্য ক্যাপিটাল প্ল্যানিং একটি অগ্রাধিকারমূলক বিষয় হয়ে এসেছে। 2023 সালের নভেম্বরে, মেয়র এবং কম্পট্রোলার সিটির প্রথম কম্প্রিহেন্সিভ ক্যাপিটাল প্রোজেক্ট ট্র্যাকার উন্মোচন করেন যা ব্যবহারকারীদের প্রধান এজেন্সিগুলির সকল ক্যাপিটাল প্রোজেক্টের

---

[5] নিউ ইয়র্ক সিটির কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডারের অফিস, "কম্পট্রোলার ল্যান্ডার নিউ ইয়র্ক সিটির আর্থিক ব্যবস্থাপনার জন্য চার্টার সংশোধনের প্রস্তাব দেয়," *নিউ ইয়র্ক সিটির কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার,* 7 জুন, 2024, https://comptroller.nyc.gov/newsroom/comptroller-lander-proposes-charter-revisions-to-better-manage-new-york-citys-finances/।

[6] *আইডি।*

[7] *আইডি।*

স্ট্যাটাস এবং বাজেট দেখার সুযোগ করে দেয়।[8] মেয়র দশ-বছরের প্ল্যানিং-এর এ পর্যন্ত সবচেয়ে বড় প্ল্যান প্রকাশ করেছেন, এটি এমন একটি প্ল্যান যা পরিবহন, আবাসন, পরিবেশ সুরক্ষা এবং স্কুলকে অগ্রাধিকার দেয়।[9]

## বাজেটের কার্যকারিতা

এছাড়াও মেয়রের অফিস অব ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট (The Mayor's Office of Management and Budget) পরামর্শ দিয়েছে যে চার্টারে কিছু প্রযুক্তিগত সমাধান কার্যকারিতাকে উন্নীত করতে পারে এবং নিশ্চিত করতে পারে যে চার্টার-নির্দেশিত প্রক্রিয়া আধুনিক বাস্তবতা প্রতিফলিত করে।

### কর্মীদের সুপারিশ

কর্মীগণ সুপারিশ করে যে কমিশন নিম্নোক্ত ব্যবস্থাগুলি সম্পর্কে আরো বিবেচনা এবং মতামত আহ্বান করা উচিত:

(1) বাজেটে আইন প্রণয়নের আর্থিক প্রভাবের মূল্যায়ন উন্নত করা, যার মধ্যে আইন প্রণয়ন প্রক্রিয়ার আগে রাজস্ব প্রভাবের মূল্যায়নের পাশাপাশি মূল্যায়ন প্রক্রিয়ায় আরো অংশীদারদের অন্তর্ভুক্ত করা প্রয়োজন;

---

[8] মেয়রের অফিস, "মেয়র অ্যাডামস, কম্পট্রোলার ল্যান্ডার সিটির প্রথম সমন্বিত ক্যাপিটাল প্রোজেক্ট ট্র্যাকারের মাধ্যমে ক্যাপিটাল প্রক্রিয়ায় স্বচ্ছতা এবং জবাবদিহিতা আনেন," *নিউ ইয়র্ক সিটির অফিসিয়াল ওয়েবসাইট,* 1 নভেম্বর, 2023, https://www.nyc.gov/office-of-the-mayor/news/837-23/mayor-adams-comptroller-lander-bring-transparency-accountability-capital-process-with।

[9] সমর খুরশিদ, "অ্যাডামস প্রশাসন ক্যাপিটাল নির্মাণের সংস্কার সাধন করে, প্রকল্পগুলি দ্রুততর এবং স্বল্পতর মূল্যের করার প্রতিশ্রুতির মাধ্যমে" *গোথাম গেজেট,* 14 ফেব্রুয়ারি, 2024, https://www.gothamgazette.com/city/11807-nyc-capital-construction-reforms-mayor-adams।

(2) বার্ষিক বরাদ্দ প্রক্রিয়ার বাইরে বাজেটের প্রভাবের মাধ্যমে আইন পাস করার জন্য কাউন্সিলের ক্ষমতা সহ চার্টার-অনুমোদিত বাজেট প্রক্রিয়ার সমন্বয় করা;

(3) ক্যাপিটাল প্ল্যান ইনভেন্টরি এবং রক্ষণাবেক্ষণের অনুমান সম্পর্কিত বিধানগুলি হালনাগাদ করা, যার মধ্যে দশ-বছরের ক্যাপিটাল স্ট্র্যাটেজির সাথে অবকাঠামোগত মূল্যায়নকে সংযুক্ত করার উদ্দেশ্যে একটি সুস্পষ্ট বিবৃতি যোগ করা, আরো প্রাসঙ্গিক বিবরণ প্রতিফলিত করার জন্য ইনভেন্টরি সংশোধন করা এবং ক্যাপিটাল চাহিদাগুলি শনাক্তকরণের জন্য দশ-বছরের ক্যাপিটাল স্ট্র্যাটেজিতে আরো মানদণ্ড অন্তর্ভুক্ত হওয়া; এবং

(4) বাজেট প্রক্রিয়ায় কার্যকারিতা বাড়াতে সময়সীমা এবং এ সম্পর্কিত প্রযুক্তিগত শর্তাবলিগুলিকে আধুনিকায়ন করা।

## জননিরাপত্তা

সরকারের অন্যতম মৌলিক দায়িত্ব হলো জননিরাপত্তা রক্ষা করা। নিউ ইয়র্ক সিটির ইতিহাস স্পষ্ট করে যে সামগ্রিকভাবে সিটির ভাগ্য জনসাধারণকে রক্ষা করার এবং আইন প্রয়োগকারীর প্রতি জনগণের আস্থা বজায় রাখার সক্ষমতার সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত। বর্তমানে, কয়েক দশকের অগ্রগতির পরে, নিউ ইয়র্ক সিটি আমেরিকার সবচেয়ে নিরাপদ বড় সিটিগুলির মধ্যে একটি। তবে যাইহোক, নিউ ইয়র্কবাসীগণ অপরাধ এবং জননিরাপত্তাকে উদ্বেগের শীর্ষ বিষয় হিসেবে শনাক্ত করে চলেছে।[10]

---

[10] *দেখুন, যেমন,* রেবেকা সি. লুইস, “সিয়েনা পোল: নিউ ইয়র্কবাসীগণ এখনও অপরাধ নিয়ে উদ্বিগ্ন,” *সিটি* এবং *স্টেট নিউ ইয়র্ক,* 12 জুলাই, 2023, https://www.cityandstateny.com/politics/2023/07/siena-poll-new-yorkers-are-still-worried-about-

সিটি কাউন্সিল, সিটির আইন প্রণয়নকারী সংস্থা হিসেবে, জননিরাপত্তার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাজেটের প্রক্রিয়ায় কাউন্সিলের ভূমিকা সিটির জন-নিরাপত্তা এজেন্সিগুলির কাছে বিদ্যমান রিসোর্সগুলি নির্ধারণ করতে সাহায্য করে।[11] কাউন্সিল প্রায়শই জননিরাপত্তার জন্য দায়ী বা যা পরোক্ষভাবে প্রচার করতে পারে বা অসাবধানতাবশত জননিরাপত্তাকে ক্ষতিগ্রস্ত করতে পারে এরুপ এজেন্সিগুলিকে লক্ষ্য করে আইন পাস করে।[12]

কমিশন জনসাধারণের মতামত বা বিশেষজ্ঞ, সংশ্লিষ্ট এজেন্সি এবং গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের সাথে পরামর্শের সীমিত সুযোগ সহ জননিরাপত্তা সংক্রান্ত কাউন্সিলের আইন পাসের বিষয়ে উদ্বেগ প্রকাশ করে যুক্তিসঙ্গত সাক্ষ্য শুনেছে।

## কর্মীদের সুপারিশ

কর্মীগণ সুপারিশ করে যে কমিশন নিম্নোক্ত ব্যবস্থাগুলি সম্পর্কে আরো বিবেচনা এবং মতামত আহ্বান করা উচিত:

---

crime/388402/ (উল্লেখ্য যে নিউ ইয়র্কবাসীগণ ধারাবাহিকভাবে পাবলিক ভোটে অপরাধ এবং জননিরাপত্তা সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে)।

[11] *দেখুন, যেমন,* N.Y.C. চার্টার §§ 247, 253 ( শুনানি করা এবং বাজেট সম্পর্কিত সুপারিশ করার জন্য সিটি কাউন্সিলের প্রয়োজন)।

[12] *দেখুন, যেমন,* 2024 সালের স্থানীয় আইন নং 23 (DOI-এর অনুরোধের 10 দিনের মধ্যে DOI-এর সাথে NYPD-এর বডি-ওর্ন ক্যামেরার ফুটেজ শেয়ার করা প্রয়োজন); 2024 সালের স্থানীয় আইন নং 20 (যখন একজন ব্যক্তি অনুসন্ধানে সম্মতি অস্বীকার করে তখন NYPD রিপোর্টের প্রয়োজন হয়); 2024 সালের স্থানীয় আইন নং 25 (1 মিলিয়ন মার্কিন ডলার বা তার বেশি অনুদান প্রকাশ করতে NYPD প্রয়োজন); 2024 সালের স্থানীয় আইন নং 26 (যানবাহন থামার জন্য তাদের ন্যায্যতা রিপোর্ট করতে NYPD প্রয়োজন)।

(1) প্রয়োজনে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য সিটির সক্ষমতা রক্ষা করে জননিরাপত্তা সংক্রান্ত আইনের জন্য সুচিন্তিত প্রক্রিয়া উন্নত করা;

(2) জননিরাপত্তা সংক্রান্ত আইন প্রণয়নে জনসাধারণের, এজেন্সি এবং গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের মতামতের সুযোগগুলিকে শক্তিশালী করা; এবং

(3) জননিরাপত্তা প্রচারের জন্য চার্টার সংশোধন করা।

# সরকারি সংস্কার সুপারিশ

কর্মীগণ সুপারিশ করে যে কমিশন নিম্নোক্ত অনুরোধ করবে এবং এই বিষয়ে আরো মতামত আহ্বান করবে:

1. এই উদ্দেশ্যে নিবেদিত একটি নতুন এজেন্সি তৈরির স্টাডি সহ MWBE-কে প্রদত্ত পরিষেবাগুলিকে উন্নত করতে এবং তাদের ব্যবহারকে উন্নীত করার আইনগুলি তদন্ত করা।
2. মেয়রের মিডিয়া এবং বিনোদন অফিসের কর্মচারীদের তথ্য প্রযুক্তি এবং টেলিযোগাযোগ বিভাগকে (যা মেয়রের মিডিয়া এবং বিনোদন অফিসে রয়েছে) ফিল্মের জন্য একই ক্ষমতা এবং কর্তৃত্ব দেওয়ার জন্য চার্টারের সেকশন 1072 সংশোধন করে ফিল্ম পারমিট ইস্যু করার ক্ষমতা প্রদান করা এবং সেকশন 1301 দ্বারা বর্তমানে ক্ষুদ্র ব্যবসা পরিষেবা বিভাগে ( the Department of Small Business Services) ন্যস্ত করা টেলিভিশনের অনুমতি দেওয়া;
3. সেকশন 1122 রহিত করা এবং বিজ্ঞাপন বাতিল করা। নির্বাচিত কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় জামানত বন্ডের কোডের বিধান;

4. ওয়াটারফ্রন্ট সম্পত্তি, সামুদ্রিক স্থাপনা সহ সকল স্থাপনার নির্মাণ ও পরিবর্তনের জন্য ওয়াটারফ্রন্ট পারমিটিং প্রক্রিয়া DOB-তে স্থানান্তরের জন্য চার্টারের 643 ও 1301 সেকশন সংশোধন করা;
5. পরিচ্ছন্ন রাস্তা, ফুটপাথ এবং সিটির মালিকানাধীন প্রপার্টির সুবিধার্থে DSNY দায়িত্বগুলি সুস্পষ্ট এবং সম্প্রসারিত করতে চার্টারের সেকশন 31-এর আপডেটগুলি যাচাই করা;
6. আর্কাইভাল রিভিউ বোর্ড এবং আর্কাইভস, রেফারেন্স এবং রিসার্চ বোর্ডকে সমন্বিত করা; এবং
7. মিউনিসিপ্যাল অপারেশন এবং বাজেট অবহিত করার জন্য স্থানীয় জীবনযাত্রার মান এবং পরিষেবা সরবরাহের বিষয়ে বাসিন্দাদের মতামত সংগ্রহ করা।